রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৬, ২০১৭

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩—৫৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৩—১০০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৯—১১৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-৬৫/৭৭-৪৬৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব সালাহ উদ্দিন মোহাম্মদ তারেক, পিতা-মোঃ আব্দুল মন্নান, মাতা-উম্মে কুলসুম, গ্রাম-মধ্যম বাহারছড়া ১০ নং ওয়ার্ড, কক্সবাজার সদর পৌরসভা, ডাকঘর-কক্সবাজার, উপজেলা-কক্সবাজার সদর, জেলা-কক্সবাজার এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার সদর পৌরসভার ০৯ ও ১০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হবে।

**জি. এম. নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**পরিপত্র**

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৫৪.০০.০০০০.০০৭.১৮.০৭৫.১৩-২৩১৩**—প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাগণের ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাগণের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, মহাব্যবস্থাপক, যুগ্ম মহাপরিচালক/অঞ্চল ভিত্তিক বিভাগীয় প্রধান, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক/অতিরিক্ত রেলওয়ে বিভাগীয় প্রধান/বিভাগীয় তত্ত্বাবধায়ক, স্বাধীন বিভাগীয় কর্মকর্তা/কর্মব্যবস্থাপক, স্বাধীন দায়িত্বপ্রাপ্ত সহকারী কর্মকর্তা এর উপর নিম্নরূপভাবে অর্পণ করা হলো ঃ

| ক্রমিক | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিভাগীয় প্রধান (মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে) | LOB প্রধান (অতিরিক্ত মহাপরিচালক) | মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রকল্প), পিডি গ্রেড-২ | যুগ্ম-মহাপরিচালক/ অঞ্চল ভিত্তিক বিভাগীয় প্রধান (ডেজিগনেটেড), সিপিএলও, রেক্টর, পিডি গ্রেড-৩ | বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক/অতিরিক্ত রেলওয়ে বিভাগীয় প্রধান/বিভাগীয় তত্ত্বাবধায়ক/ পরিচালকগণ, পিডি গ্রেড-৪ | স্বাধীন বিভাগীয় কর্মকর্তা/কর্ম ব্যবস্থাপক/ পিডি গ্রেড-৫ | স্বাধীন দায়িত্বপ্রাপ্ত (Independent) সহকারী কর্মকর্তা |
| ১ | বিএসআর এর বিধি-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা (পরিচালক/ সংস্থাপন, উপ-পরিচালকগণ/ সংস্থাপন ও পিএস টু ডিজি) এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) রেলভবনের ২নং গ্রেডের সকল কর্মকর্তা<br>গ) তাঁর অধীনস্থ সংযুক্ত দপ্তর (সিপিএলও, রেলওয়ে ট্রেনিং একাডেমি ও প্রকল্পসমূহের প্রধান) এবং আঞ্চলিক প্রশাসনের প্রধানগণ | তাঁর দপ্তরের ৩-৪ নং গ্রেডের সকল কর্মকর্তা এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | তাঁর অধীনস্থ সকল বিভাগীয় ও অতিরিক্ত বিভাগীয় প্রধান এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ৫-৯ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১০ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১১-২০ নং গ্রেডের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১৮-২০ নং গ্রেডের সকল কর্মচারী |
| ২ | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা (পরিচালক/ সংস্থাপন, উপ-পরিচালকগণ/ সংস্থাপন ও পিএস টু ডিজি) এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) রেলভবনের ২নং গ্রেডের সকল কর্মকর্তা<br>গ) তাঁর অধীনস্থ সংযুক্ত দপ্তর (সিপিএলও, রেলওয়ে ট্রেনিং একাডেমি ও প্রকল্পসমূহের প্রধান) এবং আঞ্চলিক প্রশাসনের প্রধানগণ | তাঁর দপ্তরের ৩-৪ নং গ্রেডের সকল কর্মকর্তা এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | তাঁর অধীনস্থ সকল বিভাগীয় ও অতিরিক্ত বিভাগীয় প্রধান এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ৫-৯ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১০ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১১-১৭ নং গ্রেডের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১৮-২০ নং গ্রেডের সকল কর্মচারী |
| ৩ | বিএসআর এর বিধি-১৪৯ এবং বিধি-১৯৭ এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা (পরিচালক/ সংস্থাপন, উপ-পরিচালকগণ/ সংস্থাপন ও পিএস টু ডিজি) এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) রেলভবনের ২নং গ্রেডের সকল কর্মকর্তা<br>গ) তাঁর অধীনস্থ সংযুক্ত দপ্তর (সিপিএলও, রেলওয়ে ট্রেনিং একাডেমি ও প্রকল্পসমূহের প্রধান) এবং আঞ্চলিক প্রশাসনের প্রধানগণ | তাঁর দপ্তরের ৩-৪ নং গ্রেডের সকল কর্মকর্তা এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | তাঁর অধীনস্থ সকল বিভাগীয় ও অতিরিক্ত বিভাগীয় প্রধান এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ৫-৯ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১০ নং গ্রেডের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১১-১৭ নং গ্রেডের সকল কর্মচারী | ক) তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) তাঁর অধীনস্থ ১৮-২০ নং গ্রেডের সকল কর্মচারী |

| ক্রমিক | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিভাগীয় প্রধান (মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে) | LOB প্রধান (অতিরিক্ত মহাপরিচালক) | মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রকল্প), পিডি গ্রেড-২ | যুগ্ম-মহাপরিচালক/ অঞ্চল ভিত্তিক বিভাগীয় প্রধান (ডেজিগনেটেড), সিপিএলও, রেক্টর, পিডি গ্রেড-৩ | বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক/অতিরিক্ত রেলওয়ে বিভাগীয় প্রধান/বিভাগীয় তত্ত্বাবধায়ক/ পরিচালকগণ, পিডি গ্রেড-৪ | স্বাধীন বিভাগীয় কর্মকর্তা/কর্ম ব্যবস্থাপক/ পিডি গ্রেড-৫ | স্বাধীন দায়িত্বপ্রাপ্ত (Independent) সহকারী কর্মকর্তা |
| ৪ | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও অবসর প্রদান (গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত | তাঁর দপ্তরের সকল কর্মকর্তা | তাঁর দপ্তরের সকল কর্মকর্তা | তাঁর দপ্তরের সকল কর্মকর্তা | তাঁর দপ্তরের সকল কর্মকর্তা | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা<br>খ) তাঁর অধীনস্থ সকল কর্মকর্তা | শূন্য | শূন্য |
| ৫ | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)"]। | ক) তাঁর দপ্তরের সকল কর্মকর্তা (পরিচালক/ সংস্থাপন, উপ-পরিচালকগণ/ সংস্থাপন ও পিএস টু ডিজি) এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী<br>খ) রেলভবনের ২নং গ্রেডের সকল কর্মকর্তা<br>গ) তাঁর অধীনস্থ সংযুক্ত দপ্তর (সিপিএলও, রেলওয়ে ট্রেনিং একাডেমি ও প্রকল্পসমূহের প্রধান) এবং আঞ্চলিক প্রশাসনের প্রধানগণ | তাঁর দপ্তরের ৩-২০ নং গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী | তাঁর দপ্তরের ৩-৪ নং গ্রেডের সকল কর্মকর্তা এবং তাঁর দপ্তরের সকল কর্মচারী | তাঁর দপ্তরের ৫-২০ নং গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী | তাঁর দপ্তরের নন-গেজেটেড ১০-২০ নং গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী | শূন্য | শূন্য |

২। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবে ঃ

(ক) ছুটির আবেদনের অনুলিপি আবেদনকারী কর্মকর্তাকে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে।

(গ) ছুটি মঞ্জুরের অনুলিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

**মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন**
সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**

**বৈদেশিক প্রশিক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৬.০০.০০০০.০৫২.০৬.০০৮.১৩-৫৯৮**—শিল্প মন্ত্রণালয়ের গত ১৩-০২-২০১৩ তারিখের ৩৬.০০.০০০০.০৫২.০৬.০০৮.১৩-৬৪ নং স্মারকে জারীকৃত এনপিও'র পাট শিল্প সেক্টরের উপদেষ্টা কমিটির প্রজ্ঞাপন সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হ'ল :

**সভাপতি**

১) পরিচালক (উৎপাদন ও পাট), বাংলাদেশ পাটকল কর্পোরেশন, ঢাকা

**সদস্যবৃন্দ**

২) পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, ঢাকা

৩) যুগ্ম-পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, ঢাকা

৪) সভাপতি/মহা-সচিব, বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন (বিজেএমএ), ঢাকা

৫) সভাপতি/মহা-সচিব, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন (বিজেএসএ), ঢাকা

৬) সভাপতি/মহা-সচিব, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা

৭) মহা-ব্যবস্থাপক/উপ মহা-ব্যবস্থাপক (উৎপাদন), বাংলাদেশ পাটকল কর্পোরেশন, ঢাকা

**সদস্যবৃন্দ**

৮) প্রকল্প প্রধান, লতিফ বাওয়ানী জুট মিলস্ ডেমরা, ঢাকা

৯) ব্যবস্থাপনা পরিচালক, সোনালী আঁশ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ঢাকা

১০) ব্যবস্থাপনা পরিচালক, জনতা জুট মিলস্ লিঃ, ঢাকা

১১) নির্বাহী পরিচালক, আকিজ জুট মিলস্ লিঃ, ঢাকা

১২) ব্যবস্থাপনা পরিচালক, নওয়াপাড়া জুট মিলস্ লিঃ, ঢাকা

১৩) ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স জুট স্পিনার্স লিঃ, ঢাকা

১৪) ব্যবস্থাপনা পরিচালক, আলহাজ্ব জুট মিলস্ লিঃ, ঢাকা

১৫) ব্যবস্থাপনা পরিচালক, পুবালী জুট মিলস্ লিঃ, ঢাকা

১৬) ব্যবস্থাপনা পরিচালক, হাসান জুট মিলস্ লিঃ, ঢাকা

১৭) ব্যবস্থাপনা পরিচালক, পারটেক্স জুট মিলস্ লিঃ, ঢাকা

১৮) ব্যবস্থাপনা পরিচালক, কোয়ালিটি জুট ইয়ার্ন মিলস্ লিঃ, ঢাকা

**সদস্য-সচিব**

১৯) উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, পাট শিল্প শাখা, এনপিও, ঢাকা

২। **কমিটির টার্মস অফ রেফারেন্স নিম্নরূপ ঃ**

(ক) জাতীয় উৎপাদনশীলতা পরিষদ কর্তৃক গৃহীত উৎপাদনশীলতা "পাট শিল্প" খাত সংক্রান্ত যাবতীয় পরামর্শ ও সুপারিশ বাস্তবায়নে কার্যনির্বাহী কমিটিকে সহায়তা করা;

(খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কার্যাবলীর তত্ত্বাবধান, দিক নির্দেশনা ও সমন্বয় সাধন করণে কার্যনির্বাহী কমিটিকে সহায়তা করা;

(গ) জাতীয় অর্থনীতিতে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য যে কোন বিষয় গুরুত্ব সহকারে বিবেচনার জন্য কার্যনির্বাহী কমিটিকে পরামর্শ দেয়া;

(ঘ) প্রতিবছর কমিটির কমপক্ষে ৪টি সভা আহবান করতে হবে;

(ঙ) কমিটির কোন সদস্য বা প্রতিনিধি পর পর ৩টি সভায় অনুপস্থিত থাকলে তার সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে ও কমিটি কর্তৃক নতুন সদস্য কো-অপ্ট করা হবে; এবং

(চ) বিবিধ সংশ্লিষ্ট বিষয়সমূহ।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মো. আব্দুল করিম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রতিষ্ঠান শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৭.০৬৪.০০০০.০৩৩.৯৯.০৭০.১৬/৩১৪**—পল্লী উন্নয়ন একাডেমি আইন ১৯৯০ এর ৫(১) এর (থ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৫-১১-২০০৬ খ্রিঃ তারিখের নং-মপবি/কঃবিঃশাঃ/উঃপঃ-২(বিবিধ)/২০০৬-১২০ সরকারি আদেশ অনুযায়ী পল্লী উন্নয়ন একাডেমি আরডিএ বগুড়া পরিচালনা বোর্ড এর সদস্য হিসেবে নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

১) জনাব মোঃ হাবিবুর রহমান, এম পি মাননীয় সংসদ সদস্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২) জনাব আব্দুর রহিম সচিব (অবসরপ্রাপ্ত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। উক্ত আইনের ৪ উপধারা (১) (খ) ধারানুযায়ী সদস্যগণকে ৩(তিন) বৎসরের জন্য মনোনয়ন প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় এ মনোনয়ন বাতিল করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহরিন সুলতানা**
সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৬৫/৭৭-৪৬৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ ছাইফুল্লাহ, পিতা-মরহুম মাওলানা বদরুদ্দোজা চৌং, মাতা-জাকেরা খানম, গ্রাম-চৌধুরী পাড়া, ৫নং ওয়ার্ড, কক্সবাজার সদর পৌরসভা, উপজেলা-কক্সবাজার সদর, জেলা-কক্সবাজার।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার সদর পৌরসভার ০৫ ও ০৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**জি.এম. নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-৯ (কলেজ-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ পৌষ ১৪২৩/১০ জানুয়ারি ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০১৭.২০১৫-০১**—সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন "আশাশুনি কলেজ" ০৯ জানুয়ারি ২০১৭ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাছিমা খানম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২৩/১৫ ডিসেম্বর ২০১৬

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০১০.২০১৪-৫৮৯**—চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয়ের অন্তর্ভুক্ত "খাগরিয়া জোড়ারকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়"-এর নাম পরিবর্তন করে "আলহাজ্ব আবদুল হাফেজ সরকারি প্রাথমিক বিদ্যালয়" নামকরণ করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজিয়া ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।